

৫৭১৭৭

২৪/৭/২০০৩

তারিখ

পৃষ্ঠা ... কলাম ...

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের
শিক্ষক-কর্মচারীদের বেতন
ভাতার সরকারী অংশ
হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এস এস সি (ভোকেশনাল) ও এইচ এস সি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের মে মাসের বেতন-ভাতার সরকারী অংশ বাবদ ৪১ কোটি, ৩২ লক্ষ, ৬১ হাজার, ৩৪৭ টাকার ২০টি চেক ৫ই জুলাই জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংক কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হইয়াছে।

আগামী ২২শে জুলাই তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হইতে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হইয়াছে। সঙ্গত কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান অথবা শিক্ষক-কর্মচারী চলতি অথ বছরে বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করিতে পারেন নাই তাহার ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে উক্ত সময়ের টাকা এই সঙ্গে উত্তোলন করিতে পারিবেন। —তথ্য বিবরণী